



ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি  
রাউতাইল, ঝিনাইদহ

ফোনঃ ০৪৫১-৬২৬০৫ (Office), ০৪৫১-৬২২৪৫ (PABX)

ISO 9001:2015 Certified. ফ্যাক্সঃ ০৪৫১-৬২৬১৫, ই-মেইলঃ jhenaidah\_pbs@yahoo.com



স্মারক নং-২৭.১২.৪৪১৯.৫৪৮.০১.০৩৮.২২. ২৩৬০

তারিখঃ ১০ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ  
২৪ মে, ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ পিক আপ গাড়ীর টায়ার সরবরাহের নিমিত্তে পুনঃ রিকুয়েস্ট ফর কোটেশন (RFQ) আহ্বান প্রসঙ্গে।

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতির গাড়ীর টায়ার ক্রয়ের নিমিত্তে নিম্নোক্ত স্পেসিফিকেশন মোতাবেক পবিস এর নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/ সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সরাসরি পুনঃ কোটেশন আহ্বান করা যাচ্ছে।

দরপত্র নং	ক্রঃ নং	বিবরণ	পরিমাণ (টি)	উদ্ধৃত দর	
				একক দর (টাকা)	মোট দর (টাকা)
আরএফকিউ নং- ৪১/২০২১- ২০২২	০১	ডাবল কেবিন পিক আপ গাড়ীর টায়ার (টিউব লেস)ঃ গাড়ী নং- ঝিনাইদহ-৪-১১-০০১৯ ব্রান্ডঃ ডানলপ/ব্রীজস্টোন সাইজঃ 205 R16 C (আর্মি বিট) প্লাইঃ 8PR (নমুনা মোতাবেক)	০৪		
	০২	সিংগেল কেবিন পিক আপ গাড়ীর টায়ার (টিউব লেস)ঃ গাড়ী নং- ঝিনাইদহ-৪-১১-০০১১ ব্রান্ডঃ ডানলপ/ব্রীজস্টোন সাইজঃ 215/80 R15 (নমুনা মোতাবেক)	০৪		
সর্বমোট =					

কথায়ঃ .....

শর্তাবলীঃ

- ০১) দরপত্র সমূহ আগামী ৩১/০৫/২০২২ ইং তারিখ (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত (ক) পরিচালক, পবিস মঃ ও ব্য: প: (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা ও (খ) জেনারেল ম্যানেজার, ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি, রাউতাইল, ঝিনাইদহ এ রক্ষিত টেন্ডারবক্সে দাখিল করতে হবে। দরপত্র সমূহ একই দিন অর্থাৎ ৩১/০৫/২০২২ ইং তারিখ বেলা ১২:৩০ ঘটিকার সময় উল্লিখিত স্থান সমূহে উপস্থিত দরদাতাগণের সন্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২) দরপত্রের বিপরীতে দরদাতা প্রতিষ্ঠানকে নিজস্ব লেটার হেডপ্যাডে মুখবন্ধ খামে দর দাখিল করতে হবে। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরণ নম্বর (TIN), ভ্যাট নিবন্ধন সনদ ও ব্যাংক সলভেন্সি সনদ এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ০৩) খামের উপর “ পিক আপ গাড়ীর টায়ার সরবরাহের পুনঃ কোটেশন ” শব্দটি স্পষ্টভাবে লিপিবদ্ধ করে দরপত্র দাখিল করতে হবে।
- ০৪) সরবরাহকৃত মালামাল সম্পূর্ণ নতুন এবং ত্রুটিমুক্ত হতে হবে। সরবরাহকৃত মালামালের কোন ত্রুটি পরিলক্ষিত হলে কিংবা স্পেসিফিকেশন বর্হিভূত মালামাল সরবরাহ করা হয়েছে বলে প্রমাণিত হলে সরবরাহকারীকে ফ্রেতার নির্দেশ অনুযায়ী অনতিবিলম্বে মালামাল ত্রুটিমুক্ত করতে হবে।

২৩/৫/২২

- ০৫) দরপত্রের উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে এবং একক দর ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ ওভার রাইটিং/ ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না। দরপত্র সঠিকভাবে পূরন করত: প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করতে হবে।
- ০৬) কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের মালামাল সরবরাহের পর মালামাল সমিতির প্রতিনিধি কর্তৃক পরিদর্শন সাপেক্ষে বিল পরিশোধ করা হবে।
- ০৭) মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে সরকারী সর্বশেষ নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন সাপেক্ষে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ০৮) কার্যাদেশে বর্ণিত সময়ের মধ্যে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে মালামাল সমূহ নিজ দায়িত্বে ও নিজ খরচে অত্র সমিতির সদর দপ্তরে পৌঁছাতে হবে।
- ০৯) যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে বিলম্ব মার্শুল কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% এর অধিক হবে না।
- ১০) দরপত্র সম্পর্কে কারোও কোন জিজ্ঞাসা থাকলে/ ব্যাখার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন আগে উপরোক্ত ঠিকানায় লিখিতভাবে জানাতে হবে।
- ১১) ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ দর্শানো ব্যতীতই যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ১২) দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখিত নাই এমন সকল বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

স্বাঃ/-

( মোঃ ইছাহাক আলী )  
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

- ০১) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২) জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- ০৩) পুলিশ সুপার, ঝিনাইদহ।
- ০৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। বিজ্ঞপ্তি বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
- ০৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবোর্ড, যশোর জোন, যশোর।
- ০৬) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৪।
- ০৭) মেয়র, পৌরসভা কার্যালয়, ঝিনাইদহ।
- ০৮) নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবোর্ড, ঝিনাইদহ।
- ০৯) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপদ/গণপূর্ত, ঝিনাইদহ।
- ১০) উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ।
- ১১) ডিজিএম, কালীগঞ্জ/ শৈলকুপা/ মহেশপুর/ হরিণাকুন্ডু/ সদর-কারিগরী, ঝিনাইদহ পবিস।
- ১২) এজিএম (ওএন্ডএম), কোটচাঁদপুর সাব-জোনাল অফিস, ঝিনাইদহ পবিস।
- ১৩) এজিএম (ইএন্ডসি/অর্থ), ঝিনাইদহ পবিস।
- ১৪) এজিএম (আইটি), ঝিনাইদহ পবিস-বিজ্ঞপ্তি সমিতির ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ।
- ১৫) মেসার্স-----।
- ১৬) নোটিশ বোর্ড, ঝিনাইদহ পবিস।
- ১৭) দাপ্তরিক নথি।

ইছাহাক আলী  
২৪/৪/২২  
( মোঃ ইছাহাক আলী )  
জেনারেল ম্যানেজার